গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ০২৭১ তারিখ- ২৮-০৪-২৬
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩৩.০০০৭.২৫-৩২০ তারিখ: ১৫ বৈশাখ, ১৪৩৩ / ২৮ এপ্রিল, ২০২৬

বিষয়: আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ এর বিভাজিত উপ-প্লট নম্বর: এফ-৯/বি এর ২৫ শতাংশ জমি বরাদ্দ প্রদান।

সূত্র: ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) এর ১২ মে, ২০২৫ তারিখের ৩৬.১২.০০০০.০৩৫.০৮.০০৪.২০.৪৬৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশনের (এসএমই ফাউন্ডেশন) অফিস ও ডিসপ্লে স্থাপনের জন্য শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ এর ৮৩ শতাংশ জমির বিভাজিত ৪৫ ফুট রোড সংলগ্ন উপ-প্লট নম্বর: এফ-৯/বি এর ২৫ শতাংশ জমি সচিব, শিল্প মন্ত্রণালয় এর অনুকূলে প্রচলিত লিজ দলিলের শর্তসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

**শর্তাবলী:**

(ক) জমির বরাদ্দপত্র/দখলভার প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লিজ দলিল সম্পাদনের নিমিত্ত ০২ (দুই) সেট লিজ দলিলের খসড়া এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সম্পাদিত লিজ দলিলের ০১ (এক) কপি মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগপূর্বক বরাদ্দকৃত জমির দখলভার বুঝে নিতে হবে;

(গ) বরাদ্দকৃত জমির উন্নয়ন সংক্রান্ত ব্যয় বরাদ্দ প্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। জমি যে অবস্থায় আছে সে অবস্থায় দখল গ্রহণ করতে হবে;

(ঘ) এ বরাদ্দপত্র কোন ক্রমেই বরাদ্দকৃত জমিতে বরাদ্দ প্রাপকের কোন স্থায়ী স্বত্ব/মালিকানা প্রদান করে না এবং এটি হস্তান্তরযোগ্য নয়;

(ঙ) বরাদ্দকৃত জমির কোন অংশ অবৈধভাবে ভাড়া অথবা হস্তান্তর করার অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণ হলে বরাদ্দ বাতিল করা হবে;

(চ) বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর, গ্রাউন্ড রেন্ট ও অন্যান্য সরকারি পাওনাদি বরাদ্দ গ্রহীতা সংস্থা কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট অফিস/তফশিল/ভূমি অফিসে জমা প্রদান করতে হবে;

(ছ) বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে অথবা যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে জমি ব্যবহার করা হলে বরাদ্দ বাতিল করা হবে;

(জ) স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে নকশা প্রণয়ন করতে হবে; এবং

(ঝ) উক্ত জমিতে সকল প্রকার নির্মাণ কাজ অনুমোদিত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দপত্র জারি করা হলো।

২৮/৪
মোহাম্মদ কায়সার খসরু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১৪৩৪

সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩৩.০০০৭.২৫-৩২০ তারিখ: ১৫ বৈশাখ, ১৪৩৩ / ২৮ এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অনুবিভাগ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
২. আইন উপদেষ্টা (আইন অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারপার্সন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন), পর্যটন ভবন (লেভেল- ৬ ও ৭), ই-৫ সি/১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই বাংলা নগর, ঢাকা।
৬. যুগ্মসচিব (ভূমি ব্যবস্থাপনা অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১/২/৩, ঢাকা
১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও রাজস্ব সার্কেল, ঢাকা।
১৩. সাব-রেজিস্ট্রার, শেরে বাংলা নগর সার্কেল, তেজগাঁও সাব-রেজিস্ট্রার অফিস, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
১৪. অফিস কপি।

২৮/০৪/২৬
মোহাম্মদ কায়সার খসরু
সিনিয়র সহকারী সচিব